দৈনিক সংবাদ
67
তারিখ ..23 AUG 1989
পৃষ্ঠা… ১ … কলাম… ৬…

৭৯

চট্টগ্রামে ছাত্র সংঘর্ষ

# ৭টি কলেজসহ ৯টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২২শে আগস্ট।—ছাত্র সংঘর্ষের কারণে গত দেড় মাসে চট্টগ্রামে একটি ইন্সটিটিউট ও একটি মাদ্রাসাসহ ৭টি কলেজ বন্ধ হয়ে গেছে। সর্বশেষ গতকাল সোমবার রাতে পটিয়ায় জমিরিয়া মাদ্রাসায় সংঘর্ষের ফলে পরিস্থিতির অবনতি হওয়ায় অনির্দিষ্টকালের জন্য মাদ্রাসাটি বন্ধ করে দেয়া হয়েছে।

গত মাসে ছাত্র শিবিরের সন্ত্রাসের দরুন কমার্স কলেজ ও নাজিরহাট কলেজ বন্ধ করে দেয়া হয়। গত দু'বছরে এই দুটি কলেজ ১০ বারের বেশী বন্ধ ছিল এবং সংঘর্ষে নিহত হয়েছে ৫ জন ছাত্র।

গত দু সপ্তাহে ছাত্রলীগ (হা-অ) ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষের পর বোয়ালখালীর সিরাজুল ইসলাম কলেজ, আনোয়ারা কলেজ, চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউট এবং গত রোববার গাছবাড়িয়া সরকারী কলেজ বন্ধ ঘোষণা করা হয়। এই কলেজ-

(শেষ পৃ: ৬-এর ক: দেখুন)